রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, সেপ্টেম্বর ১৮, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**বিশেষ আদেশ**

তারিখ : ০৫ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ১৩/মূসক/২০১৮/৩১**—শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তরে দাখিলকৃত প্রত্যর্পণ আবেদন নিষ্পত্তিকালে শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর লক্ষ্য করে যে, বিভিন্ন কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনে ASYCUDA world System এ রপ্তানি চালানের Information Box এ কায়িক পরীক্ষার তথ্য এখনও Entry করা হচ্ছে না এবং Inspection Act Generate করা হচ্ছে না। এদিকে প্রত্যর্পণ প্রদানের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০১(১) মূসক (পরি ও প্রত্যর্পণ)/৮৭/৩৩, তারিখ ৩০/০৩-২০১১ খ্রি. এর মাধ্যমে অনলাইন Inspection Act দাখিল বাধ্যতামূলক করা হয়।

২। সকল প্রকার রপ্তানি পণ্যের বিল অব এক্সপোর্ট এর বিপরীতে ASYCUDA world System এর নির্ধারিত Information Box এর Inspection Act এ কায়িক পরীক্ষার তথ্য অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে স্বয়ংক্রিয় প্রযুক্তিনির্ভর পদ্ধতি ও সংযোগ কাস্টম হাউস ও স্থল কাস্টমস স্টেশনসমূহে পুরোপুরি চালু না হওয়ায় এবং সর্বোপরি সকল কাস্টমস হাউস ও স্থল কাস্টম স্টেশনে বিশেষত রপ্তানির ক্ষেত্রে ASYCUDA world System এখনো পূর্ণাঙ্গরূপে বাস্তবায়িত হয়নি।

৩। এমতাবস্থায়, সকল পণ্যের রপ্তানির বিপরীতে অনিষ্পন্ন প্রত্যর্পণ আবেদন নিষ্পত্তির লক্ষ্যে বর্ণিত জাতীয় রাজস্ব বোর্ডের ৩০-০৩-৩০১১ খ্রি. এর নির্দেশনা কেবল রপ্তানি চালানের জন্য রহিতক্রমে ৩০-০৬-২০১৯ খ্রি. পর্যন্ত যেসব চালানের পণ্য রপ্তানি সম্পন্ন হয়েছে/হবে সেসব চালান সংশ্লিষ্ট শিপিং বিলের Inspection Act ছাড়াই রপ্তানি দলিলাদি যথা: পিআরসি, ইএক্সপি ও অন্যান্য প্রাসংগিক দলিলাদির মাধ্যমে রপ্তানি সম্পন্ন নিশ্চিত হওয়া এবং বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন নিশ্চিত হওয়া সাপেক্ষে শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর প্রত্যর্পণ আবেদন নিষ্পত্তি করতে পারবে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড সম্মতি জ্ঞাপন করল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ লুৎফুল কবির**
দ্বিতীয় সচিব(মূসক-রপ্তানি প্রত্যর্পণ ও বকেয়া ব্যবস্থাপনা)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১১৫১১)

মূল্য ঃ টাকা ৪.০০